গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২
www.dghs.gov.bd

স্মারক নংঃ- স্বাঃ অধিঃ/চিঃশিঃ/বেসরকারী -ভর্তি/এমবিবিএস ও বিডিএস/২০১৩-২০১৪/ ২০২ তারিখঃ ০৪-১১-২০১৩ ইং

বেসরকারী মেডিকেল/ডেন্টাল কলেজ/ইউনিট-এ এমবিবিএস/বিডিএস কোর্সে ছাত্র-ছাত্রী ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি
শিক্ষা বর্ষ : ২০১৩-২০১৪ ইং

বেসরকারী মেডিকেল / ডেন্টাল কলেজ ও ডেন্টাল ইউনিটসমূহে ২০১৩-২০১৪ ইং শিক্ষাবর্ষে ছাত্র-ছাত্রী ভর্তির জন্যে সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষসমূহ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তি নং স্বাপকম/চিশি-১/ বেঃমেঃকঃছাঃ ভর্তি-০১/২০১১/৮৪৩ তারিখঃ ৪/১২/২০১২ ইং অনুসরন পূর্বক ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ করতে পারবেন। বিজ্ঞপ্তি একাধিক বহুল প্রচারিত বাংলা ও ইংরেজি দৈনিক পত্রিকায় প্রকাশ করতে হবে। নিজস্ব Web site এ (যদি থাকে) বিজ্ঞপ্তিটি বাংলা ও ইংরেজী ভাষায় upload করবেন।
উল্লেখ্য, বিগত ৪-১০-১৩ ইং তারিখে গৃহীত এমবিবিএস/বিডিএস ভর্তি পরীক্ষায় কমপক্ষে ১২০ বা তদুর্দ্ধ Merit Score প্রাপ্ত ছাত্র-ছাত্রীরাই বেসরকারী মেডিকেল/ডেন্টাল কলেজ/ইউনিট-এ এমবিবিএস/বিডিএস কোর্সে সকল কোটায় ভর্তির উপযুক্ত বিবেচিত হবেন। অস্বচ্ছল ও মেধাবী কোটায় ভর্তির জন্যে স্বাস্থ্য অধিদপ্তর নির্ধারিত ফরমে (ফরম কলেজ কর্তৃপক্ষ স্বাস্থ্য অধিদপ্তর থেকে পাবেন) পছন্দের কলেজ / ইউনিট-এ আবেদন করবেন। ভর্তি কার্যক্রমের সিডিউল নিম্নরুপ।

ক্রম	নির্ধরিত কাজ	সময়
০১	ভর্তি বিজ্ঞপ্তি প্রদান শুরু করা যাবে	০৬-১১-২০১৩ ইং হতে
০২	আবেদন পত্র বিতরণ শুরু	১০-১১-২০১৩ ইং হতে
০৩	আবেদন পত্র জমা দেওয়ার শেষ তারিখ	২০-১১-২০১৩ ইং ।
০৪	প্রাপ্ত সকল আবেদনের কোটাভিত্তিক পূর্ণাঙ্গ তালিকা (Merit A – Z) প্রকাশ	২১-১১-২০১৩ ইং ।
০৫	ছাত্র-ছাত্রী ভর্তি শুরু	২১-১১-২০১৩ ইং ।
০৬	ছাত্র-ছাত্রী ভর্তির শেষ তারিখ	১০-১২-২০১৩ ইং ।
০৭	ক্লাস শুরু	প্রথম সপ্তাহ, জানুয়ারী ২০১৪ ইং

এতে মহাপরিচালক মহোদয়ের সদয় সম্মতি রয়েছে।

অধ্যাপক ডাঃ এ বি এম আব্দুল হান্নান
পরিচালক
চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন
ফোন - ৮৮২৫৪০০, ফ্যাক্স - ৯৮৮৬৬১২
Email : abmhannan@gmail.com

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নহে) ঃ -
১. মাননীয় মন্ত্রী ,স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকষণ: মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব)
২. সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।(দৃষ্টি আকর্ষনঃ- সচিব মহোদয়ের একান্ত সচিব)
৩. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দৃষ্টি আকর্ষনঃ- সহকারী পরিচালক, সমন্বয়)
৪. যুগ্ম-সচিব (উন্নয়ন) , স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. পরিচালক,এমআইএস,স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী,ঢাকা। বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রচারের সার্বিক ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা গেল।
৬. ডীন, ফ্যাকাল্টি অব মেডিসিন, (সকল বিশ্ববিদ্যালয়) ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট।
৭. রেজিষ্ট্রার, বিএমডিসি, ২০৩,শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী (পুরাতন ৮৬, বিজয় নগর), ঢাকা।
৮. অধ্যক্ষ, ...(সকল বেসরকারী মেডিকেল/ ডেন্টাল কলেজ/ ইউনিট/ইনস্টিটিউট)।
৯. --

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২
www.dghs.gov.bd

স্মারক নংঃ-স্বাঃঅধিঃ/চিঃশিঃ/ভর্তি/এমবিবিএস/২০১৩-২০১৪/২০৪ তারিখঃ ০৫.১১.২০১৩ইং

বরাবর
অধ্যক্ষ
....বেসরকারী মেডিকেল/ডেন্টাল কলেজ/মে.কলেজ ডেন্টাল ইউনিট।
....

বিষয়ঃ ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ এমবিবিএস/বিডিএস কোর্সে ভর্তি সম্পর্কিত নির্দেশনাবলী

স্মারক নংঃ- স্বাঃ অধিঃ/চিঃশিঃ/বেসরকারী-ভর্তি/এমবিবিএস ও বিডিএস/২০১৩-২০১৪/২০২তারিখঃ ০৪-১১-২০১৩ ইং মোতাবেক বেসরকারী মেডিকেল / ডেন্টাল কলেজ ও ডেন্টাল ইউনিটসমূহে ২০১৩-২০১৪ ইং শিক্ষাবর্ষে ছাত্র-ছাত্রী ভর্তির জন্যে বিজ্ঞপ্তি জারী করা হয়েছে। বিজ্ঞপ্তি অনুসারে আপনাকে নিম্নবর্নিত কার্যক্রম অনুসরনের অনুরোধ করা হল।

(ক) ছাত্র-ছাত্রী ভর্তির ক্ষেত্রে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তি নং স্বাপকম/চিশি-১/ বেঃমেঃকঃছাঃ ভর্তি-০১/২০১১/৮৪৩ তারিখ: ৪/১২/২০১২ ইং অনুসরন পূর্বক স্বাস্থ্য অধিদপ্তর ঘোষিত সিডিউল মোতাবেক ভর্তি বিজ্ঞপ্তি একাধিক বহুল প্রচারিত বাংলা ও ইংরেজি দৈনিকে প্রকাশ করতে হবে। নিজস্ব Web site এ (যদি থাকে) বিজ্ঞপ্তিটি বাংলা ও ইংরেজী ভাষায় upload করবেন। উল্লেখ্য, বিগত ৪-১০-১৩ ইং তারিখে গৃহীত এমবিবিএস/বিডিএস ভর্তি পরীক্ষায় কমপক্ষে ১২০ বা তদুর্দ্ধ Merit Score প্রাপ্ত ছাত্র-ছাত্রীরাই বেসরকারী মেডিকেল/ডেন্টাল কলেজ/ইউনিট-এ এমবিবিএস/বিডিএস কোর্সে (সকল কোটায়) ভর্তির উপযুক্ত বিবেচিত হবেন। অস্বচ্ছল ও মেধাবী কোটায় ভর্তির জন্যে স্বাস্থ্য অধিদপ্তর কতৃক প্রদত্ত নির্ধারিত ফরমে (কপি সংযুক্ত) আবেদন করতে হবে।

(খ) স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত নীতিমালা (নং-২৮৪ তারিখ ২৪-০৮-২০১১ ইং) ও বিজ্ঞপ্তি (নং-৮৪৩ তারিখ ৪-১২-২০১২ইং) অনুযায়ী ১ম বর্ষ এমবিবিএস / বিডিএস কোর্সে ভর্তির জন্য নির্বাচিত ছাত্র-ছাত্রীদের ভর্তির পূর্বে নিজ নিজ মেডিকেল/ডেন্টাল কলেজের অধ্যক্ষ কর্তৃক গঠিত স্থানীয় ভর্তি কমিটি দরখাস্তের সাথে দাখিলকৃত নিম্নবর্নিত সনদপত্র ও দলিলাদির মূল কপি পরীক্ষা নিরীক্ষা করবেন।

১. On line application এর Student এবং On line download কৃত Admit card.
২. এস,এস,সি ও এইচ, এস,সি বা সমমান পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট।
৩. এস,এস,সি ও এইচ, এস,সি বা সমমান পরীক্ষা পাসের সনদপত্র/টেষ্টিমোনিয়াল।
৪. সিটি কর্পোরেশনের মেয়র/ পৌরসভার চেয়ারম্যান/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান /ওয়ার্ড কমিশনার প্রদত্ত নাগরিক সনদপত্র ।
৫. চার কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি।
৬. পার্বত্য জেলার উপজাতীয় প্রার্থীর ক্ষেত্রে সার্কেল চীফ এবং জেলা প্রশাসকের সনদ ও অ- উপজাতীয় প্রার্থীর ক্ষেত্রে সার্কেল চীফ বা জেলা প্রশাসক প্রদত্ত সনদপত্র এবং অন্যান্য জেলার উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে গোত্র প্রধান ও সংশ্লিষ্ট ডেপুটি কমিশনার প্রদত্ত সনদপত্র।
৭. প্রার্থীদের পিতা/মাতার মহান মুক্তিযুদ্ধে অংশ গ্রহণের স্বপক্ষে ১৯৯৭-২০০১ সাল পর্যন্ত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের অধীনে তৎকালীন মাননীয় প্রধান মন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত সনদ বা মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী / প্রতি মন্ত্রী ও সচিব স্বাক্ষরিত সনদপত্র।
৮. "ও" লেভেল এবং "এ" লেভেল-এ পাশকৃত ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত মার্কশীট ও সনদপত্র/প্রশংসা পত্র এবং স্বাস্থ্য অধিদপ্তর কতৃক ইস্যুকৃত মার্ক সমতাকরন সনদপত্র।

(গ) সুযোগ প্রাপ্ত ছাত্র/ ছাত্রীরা 'খ' অনুচ্ছেদে বর্নিত সকল মূল দলিল (কেবল মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত ফটোকপি জমা দিয়ে পরবর্তীতে ফেরতযোগ্য) ভর্তির সময় কলেজ কর্তৃপক্ষের নিকট অবশ্যই জমা রাখিবেন। সংশ্লিষ্ট মেডিকেল/ডেন্টাল কলেজের অধ্যক্ষ কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড ভর্তির পূর্বে ছাত্র-ছাত্রীর স্বাস্থ্য পরীক্ষা করবেন।

(ঘ) ভর্তির জন্য নির্বাচিত ছাত্র-ছাত্রীদের (অনলাইনে পুরন করাা) আবেদন ফরমে প্রদত্ত ছবি ও স্বাক্ষর এবং প্রবেশ পত্রের ছবি ও স্বাক্ষর একই হতে হবে। বর্তমান আবেদনপত্রের ছবি ও স্বাক্ষর এর সাথে পুর্বের ছবি ও স্বাক্ষর এর মিল থাকতে হবে।

(ঙ) উল্লেখিত নিয়মাবলী সম্পাদনের পর যোগ্য প্রার্থীদেরকে সাময়িকভাবে ভর্তি করা হবে। পরবর্তিতে যদি কোন ছাত্র/ছাত্রীর দাখিলকৃত দলিলাদির মধ্যে ভুলত্রুটি পরিলক্ষিত হয়, তবে তাহার ভর্তি বাতিল করে শাস্তিমুলক ব্যাবস্থা গ্রহন করতে হবে।

(চ) ক্যাটাগরি ভিত্তিক সকল আবেদনকারী ও ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের তালিকা ১৫-১২-২০১৩ ইং তারিখের মধ্যে স্বাস্থ্য অধিদপ্তরে প্রেরন করতে হবে।

(ছ) ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের মার্কসীট ও সনদপত্র সংশ্লিষ্ট বোর্ড কর্তৃক নিয়মানুযায়ী যাচাই করতে হবে ।

(জ) প্রতিটি আবেদন পত্রের মুল্য (অস্বচ্ছল ও মেধাবী ব্যতিত) ১০০০/= (একহাজার) টাকা গ্রহন করা যাবে।

05/11/2013

অধ্যাপক ডাঃ এ বি এম আব্দুল হান্নান
পরিচালক
চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন
ফোন - ৮৮২৫৪০০, ফ্যাক্স - ৯৮৮৬৬১২
Email : abmhannan@gmail.com

প্রতিস্থাপিত ফরম (বিনামূল্যে প্রদত্ত)

অস্বচ্ছল মেধাবী কোটায় ১ম বর্ষ এমবিবিএস/বিডিএস কোর্সে ভর্তির আবেদনপত্র
(বেসরকারী মেডিকেল/ ডেন্টাল কলেজ/ইউনিট/ইনষ্টিটিউট) সেশনঃ ২০১৩-১৪

ছবি
আইকা দিয়ে লাগাতে হবে
পাসপোর্ট সাইজের মাপ

রেজিষ্ট্রেশন নম্বর				

রোল নং					

১। নাম বাংলায় ঃ ....

ইংরেজীতে (Capital Letter) ঃ ....

২। পিতার নাম ঃ ....

৩। মাতার নাম ঃ ....

৪। জাতীয়তা ঃ ....

৫। ঠিকানা ঃ
স্থায়ী ঃ ....
.... জেলাঃ................বিভাগ...

বর্তমান ঃ ....
....টেলিফোন/মোবাইল(আবশ্যিক)ঃ

ই-মেইল ঃ ....

৬। জাতীয় ভর্তি পরীক্ষায় অর্জিত ফলাফল ঃ

মেরিট পজিশন (বেসরকারী)	মোট স্কোর

৭। পছন্দের কলেজের নাম ঃ...

৮। পিতা/মাতা বা অভিভাবকের বার্ষিক আয় ঃ.. টাকা।

ক) ১৫০ টাকার নন জুডিশিয়াল ষ্ট্যাম্পে অভিভাবকের বার্ষিক আয়ের অস্বচ্ছলতার স্বপক্ষে নোটারী পাবলিক কর্তৃক প্রদত্ত হলফনামা অবশ্যই সংযুক্ত করতে হবে।

খ) ইউনিয়ন কাউন্সিলের চেয়ারম্যান/পৌর ওয়ার্ড কমিশনারের অস্বচ্ছলতা স্বপক্ষে প্রত্যয়ন পত্র।

....
পিতা/মাতা বা অভিভাবকের স্বাক্ষর
তারিখ ঃ

....
আবেদনকারীর স্বাক্ষর
তারিখ ঃ

গভর্নিং বডির সদস্যবৃন্দের স্বাক্ষর ঃ

অভিভাবকের হলফ নামার নমুনা

আমি ....বয়স..

পিতা... মাতা ....

ঠিকানা ....

পেশা ....

এই মর্মে হলফনামা প্রদান করিতেছি যে, আমি অসচ্ছল এবং আমার ঃ-

(১) বার্ষিক আয় -- টাকা।
(২) স্থাবর সম্পত্তির পরিমান ----------------------------টাকা।
(৩) অস্থাবর সম্পত্তির পরিমান ------------------------- টাকা।
(৪) বার্ষিক আয়+স্থাবর সম্পত্তির মূল্যমান+অস্থাবর সম্পত্তির মূল্যমান।

মূল্যমান (সর্বসাকুল্যে = ------------------------- টাকা। কথায় -- আমি বেসরকারী মেডিকেল/ডেন্টাল কলেজে আমার ছেলে/মেয়ে/-------------------------- কে (ছেলে/মেয়ে -------------নাম---------- --) ৫% অস্বচ্ছল মেধাবী কোটায় এমবিবিএস/বিডিএস কোর্সে (দুইটির মধ্যে একটি) ভর্তি করাইতে ইচ্ছুক।

আমার ছেলে/মেয়ে মেধাবী এবং সে এসএসসি ও এইচএসসি/সমমানের পরীক্ষায় যথাক্রমে জিপিএ--------------------------------------- ---------------------- পেয়ে উত্তীর্ণ হয়। ২০১৩ ইং সনের এমবিবিএস/বিডিএস ভর্তি পরীক্ষায় তার মেধাক্রম -------------------------

উপরে উল্লেখিত সকল তথ্যাদি সত্য, নির্ভূল ও সঠিক।

আমার এই হলফনামার কোন অংশ পরবর্তীতে অসত্য বা ভুল প্রমাণিত হইলে ভর্তি বাতিল সহ আমার বিরুদ্ধে কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা নিতে পারিবেন।

আমি ঘোষনা করিতেছি যে, এই হলফনামা স্বজ্ঞানে উদ্দেশ্য প্রণোদিত না হইয়া এবং মর্মার্ত জানিয়া বুঝিয়া দেখিয়া ও পড়িয়া স্বাক্ষর করিলাম।

নাম ঃ
স্বাক্ষর ঃ
সম্পর্ক ঃ
সেলফোন ঃ
তারিখ ঃ